ওয়েব সাইট (www.bteb.gov.bd)
ভিজিট করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, শর্ট কোর্স শাখা

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Web site: www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.১৭.২৪৯

তারিখ: ১৫ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি, ২০২৩খ্রি.

## জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-মার্চ, ২০২৩ সেশনের চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষার বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ০৩ (তিন) মাস মেয়াদি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-মার্চ, ২০২৩ সেশনের চূড়ান্ত লিখিত পরীক্ষা আগামী ০৭ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকায় বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষা কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষা আগামী ০৭-০৮ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। উল্লিখিত পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে অবশ্যই স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস নিশ্চিত করতে হবে।

- পরীক্ষা কেন্দ্রের বিস্তারিত তালিকাসহ বোর্ডের ওয়েব সাইটে (**www.bteb.gov.bd**) এতদসংক্রান্ত তথ্যাদি দেখা যাবে;
- জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের বোর্ড অনুমোদিত প্রবিধান, ২০১৬ (বাকাশিবো/একাডে/১১৮১/মে, ২০১৬) মোতাবেক মান বণ্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে;
- রেজিস্ট্রেশন কার্ড (Registration Card) পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) হিসেবে গণ্য হবে। পরীক্ষার্থী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বোর্ডের রেজিস্ট্রেশন শাখা কর্তৃক বিতরণের বিজ্ঞপ্তি/সিডিউল অনুযায়ী রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করবেন;
- উল্লিখিত পরীক্ষায় বোর্ডের প্রস্তুতকৃত নতুন (২২ সিরিজের) লিথুযুক্ত (Litho Coded OMR) উত্তরপত্র ব্যবহার করতে হবে।

১. যে সকল পরীক্ষার্থী ০৩ (তিন) মাস মেয়াদি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-মার্চ, ২০২৩ সেশনের চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন শুধুমাত্র তারাই উল্লিখিত তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

২. জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের তাত্ত্বিক বিষয়ের পরীক্ষায় শুধুমাত্র নির্ধারিত (২২ সিরিজের) লিথুযুক্ত (Litho Coded OMR) উত্তরপত্র ব্যবহৃত হবে। প্রবিধান, ২০১৬ অনুযায়ী চূড়ান্ত লিখিত পরীক্ষায় সর্বমোট ৬০ টি প্রশ্ন থাকবে। এর মধ্যে ১০ টি প্রশ্ন কমিউনিকেটিভ ইংরেজি। চূড়ান্ত লিখিত পরীক্ষার সময় ০১ ঘন্টা এবং চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার সময় ০৩ ঘন্টা। সকল অংশে পাশ নম্বর হবে ৬০%;

৩. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবগণ অত্যন্ত গোপনীয়তা ও কঠোর নিরাপত্তার সাথে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত কার্যাবলি সম্পন্ন করবেন। পরীক্ষা সমাপ্তির পর উত্তরপত্রের লিথোর ১ম অংশ বিষয়ভিত্তিক পৃথক পৃথক শিরোনামপত্র দিয়ে মুড়িয়ে করোগেটেড বক্সে ভরতে হবে এবং উত্তরপত্র বিষয়ভিত্তিক পৃথক করে প্যাকেট করতে হবে। পরে একটা প্যাকেট (সকল লিথুর বক্স ও উত্তরপত্র) -এ করে হলুদ কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে ০৭ এপ্রিল, ২০২৩খ্রি. তারিখ শুক্রবার বেলা ১১:৩০ ঘটিকা হতে ০৩:০০ ঘটিকার মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ/প্রেরণ নিম্ন বর্ণিত ঠিকানায় করতে হবে: অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে উত্তরপত্র ও লিথুর ১ম অংশ সরকারি/প্রশাসনের/কর্মকর্তাদের উপস্থিতিতে ঐ দিনই ডাকযোগে বোর্ডে পাঠাতে হবে। শুক্রবার পোষ্ট অফিস খোলা রাখার ব্যাপারে পত্র দিয়ে এবং স্বশরীরে যোগাযোগ করে পোষ্ট অফিস খোলা রাখা নিশ্চিত করতে হবে। কোনোক্রমেই লিথুর ১ম অংশ ও উত্তরপত্র নির্ধারিত দিনের পরে পাঠানো যাবে না। যে সকল কেন্দ্র/ প্রতিষ্ঠান উত্তরপত্র ও লিথুর ১ম অংশ যথাসময়ে পাঠাতে ব্যর্থ হবে, কোনো পত্র ছাড়াই সে সকল কেন্দ্র বাতিল করা হবে;

| | | |
|---|---|---|
| **প্রাপক** | : | পরীক্ষা নিয়ন্ত্রক |
| **দৃষ্টি আকর্ষণ** | : | উপপরীক্ষা নিয়ন্ত্রক/ডকুমেন্টেশন অফিসার<br>শর্ট কোর্স শাখা, পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, বোর্ড ভবন-১ (৫ম তলা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। |
| **মোবাইল** | : | ০১৬৩২৪৮৬০৬৪, ০১৫৩১৯৭২০২২। |

৪. বোর্ড কর্তৃক প্রাপ্ত হাজিরাশীট ও শিরোনামপত্রের সকল অংশ পুরণ করতে হবে এবং On Line –এ Absent Entry "A" দিতে হবে। তাত্ত্বিক পরীক্ষা শেষে ব্যবহারিক পরীক্ষা নিতে হবে। কোনো পরীক্ষার্থী তাত্ত্বিক পরীক্ষায় "অনুপস্থিত" থাকলে ব্যবহারিক পরীক্ষা নেওয়া যাবে না;

৫. **সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক** তাত্ত্বিক ধারাবাহিক (**TC**) ও ব্যবহারিক ধারাবাহিক (**PC**) নম্বর বোর্ডে প্রেরণ:

৫.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর এবং ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণ করবেন। উল্লেখ্য, প্রবিধান, ২০১৬ মোতাবেক নম্বর বিন্যাস হলো তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর -এর পূর্ণ মান ৪০, উত্তীর্ণ মান ২৪ এবং ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর -এর পূর্ণমান ২০০, উত্তীর্ণ মান ১২০;

৫.২ অনলাইন (Online) –এ তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর (PC) বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণের তারিখ এবং বোর্ডে হাডকপি জমাদানের তারিখ নিম্নে প্রদান করা হলো:

| অনলাইন (Online) –এ তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর প্রেরণের তারিখ | তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর প্রেরণের প্রিন্ট কপি সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে জমাদানের তারিখ |
|---|---|
| ২৮-০৩-২০২৩ খ্রি. তারিখ হতে ০৪-০৪-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত। | ০৫ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে। |

৬. **সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃক চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডে প্রেরণ**

৬.১ বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষার প্রশ্নপত্র পরীক্ষার দিন নির্ধারিত সময়ে অনলাইনে প্রেরণ করা হবে। চূড়ান্ত লিখিত (তাত্ত্বিক) পরীক্ষায় পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে ব্যবহারিক পরীক্ষা নেয়া যাবে না;

৬.২ সংশ্লিষ্ট কেন্দ্র পরীক্ষার্থীদের চূড়ান্ত ব্যবহারিক (PF) গ্রহণ করবেন এবং নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণ করবেন। উল্লেখ্য, প্রবিধান, ২০১৬ মোতাবেক নম্বর বিন্যাস হলো তাত্ত্বিক চূড়ান্ত (TF) পরীক্ষার পূর্ণ মান ৬০, উত্তীর্ণ মান ৩৬ এবং ব্যবহারিক চূড়ান্ত (PF পরীক্ষার পূর্ণ মান ২০০, উত্তীর্ণ মান ১২০);

৬.৩ অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণের তারিখ এবং বোর্ডে হার্ডকপি জমাদানের তারিখ নিম্নে প্রদান করা হলো:

| অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর প্রেরণের তারিখ |
|---|
| ০৭ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখ হতে ১১ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে। |

৬.৪ চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর পরই হাজিরা সীট, প্রতিষ্ঠান কর্তৃক অনলাইন (Online) –এ তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর প্রেরণের প্রিন্ট কপি, ও চূড়ান্ত ব্যবহারিক (PF) এবং Absent list -এর হার্ড কপিসহ অন্যান্য তথ্যাদি স্পাইরাল বাইন্ডিং/বাঁধাই করে অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীল গালা করে (প্রতিষ্ঠান এবং কেন্দ্র যৌথভাবে) বোর্ডের ঠিকানায় ০৫ (পাঁচ) দিনের মধ্যে রেজিস্ট্রি ডাক/কুরিয়ার সার্ভিস অথবা হাতে হাতে পাঠাতে হবে। ০৫ (পাঁচ) দিনের মধ্যে প্রেরণ না করলে ঐ প্রতিষ্ঠান/কেন্দ্রের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. **পরীক্ষার উত্তরপত্র বোর্ড হতে গ্রহণের তারিখ (বিভাগ ভিত্তিক)**

৭.১ সংশ্লিষ্ট কেন্দ্র বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.) থেকে ডাউনলোডকৃত চাহিদা ফরমের ০২ (দুই) কপি পূরণ করে প্রতিষ্ঠান প্রধান/পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব -এর স্বাক্ষরসহ (নামসহ সীল) বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগের সংশ্লিষ্ট পরীক্ষা শাখায় সরাসরি জমাপূর্বক এ পরীক্ষার উত্তরপত্র গ্রহণ করবেন। উল্লেখ্য, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার কেন্দ্র কর্তৃক বহনযোগ্য। নির্বাচিত কেন্দ্রসমূহ কর্তৃক বোর্ড হতে পরীক্ষা সংক্রান্ত পরীক্ষার উত্তরপত্র/প্রয়োজনীয় কাগজপত্র/মালামাল গ্রহণের তারিখ নিম্নে প্রদান করা হলো:

| ক্রমিক | পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র বোর্ড হতে গ্রহণের তারিখ ও বার | যে সকল বিভাগ/জেলার কেন্দ্রসমূহ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র মালামাল বোর্ড হতে গ্রহণ করবে |
|---|---|---|
| ০১. | ০২-০৪-২০২৩খ্রি. রবিবার | রংপুর ও রাজশাহী বিভাগ (সকল জেলা) |
| ০২. | ০৩-০৪-২০২৩খ্রি. সোমবার | ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগ (সকল জেলা) |
| ০৩. | ০৪-০৪-২০২৩খ্রি. মঙ্গলবার | ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ (সকল জেলা) |

৭.২ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ণ দলিলাদি একটি রেজিস্ট্রার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুতের পরিমাণ সংরক্ষণ করে রাখতে হবে যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে;

৭.৩ উত্তরপত্র ও ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করার পর অতিরিক্ত উত্তরপত্র ও অতিরিক্ত ব্যবহারিক উত্তরপত্র পরীক্ষা শেষ হওয়ার পর হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে।

৮. পরীক্ষা শুরুর কমপক্ষে ০৫ (পাঁচ) দিন পূর্বে পরীক্ষায় অংশগ্রহণকারি পরীক্ষার্থীদের নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ২০০/- (কেন্দ্র ১৮০/- + অনাভ্যন্তরীণ পরীক্ষক ২০/-) টাকা হারে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট নগদ (রশিদ প্রাপ্তি সাপেক্ষে) জমা দিতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে কোনো প্রতিষ্ঠান কেন্দ্রে ফি বাবদ ধার্যকৃত অর্থ পরিশোধ করেনি মর্মে অভিযোগ পাওয়া গেলে ঐ সকল প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত রাখা হবে। উল্লেখ্য, কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ না করলে তাদের তালিকা পত্রের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক ও কেন্দ্র সচিবকে অবহিত করতে হবে। আরো উল্লেখ্য, কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ হতে ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষকের পারিশ্রমিক ব্যয় নির্বাহ করতে হবে;

৯. পরীক্ষা শুরুর ০১ (এক) সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে;

১০. পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ/পরিচালক, পলিটেকনিক ইন্সটিটিউট/ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার/টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট/সমাজ সেবা/ ট্রাস্ট টেকনিকেল ট্রেনিং সেন্টার/ আনসার ভিডিপি ট্রেনিং সেন্টার ও অন্যান্য কেন্দ্র) ব্যবহারিক পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত ও পাঠদানকারি শিক্ষকদের মধ্য হতে অভ্যন্তরীণ এবং সরকারি পলিটেকনিক/ টিএসসি/ টিটিসি/ ইন্ডাস্ট্রি হতে সংশ্লিষ্ট ট্রেডের প্রয়োজনীয় সংখ্যক অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগের প্রস্তাবিত তালিকার হার্ড কপি নিম্নোক্ত ছক মোতাবেক পরীক্ষা শুরু হওয়ার ০৫ (পাঁচ) দিন পূর্বে বোর্ডে প্রেরণ পূর্বক বোর্ড কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

| **ক্রঃ** | **ট্রেডের নাম ও কোড** | **আভ্যন্তরীণ পরীক্ষকের নাম, পদবি, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা** | **অনাভ্যন্তরীণ পরীক্ষকের নাম, পদবি, ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা** |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | | | |
| ২. | | | |

১১. অনাভ্যন্তরীণ পরীক্ষক ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন এবং নম্বর প্রদান করবেন। ব্যবহারিক পরীক্ষা বাবদ অনাভ্যন্তরীণ পরীক্ষকের পারিশ্রমিক প্রতি শিক্ষার্থী জন্য ২০/-(বিশ টাকা) হারে পরিশোধ করতে হবে;

১২. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবগণ প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার সময়সূচি পরীক্ষা শুরু হওয়ার ন্যূনতম ০৫ (পাঁচ) দিন পূর্বে প্রস্তুত করে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগের শর্ট কোর্স শাখার ই-মেইল: btebshort360@gmail.com –এ পাঠাতে হবে। কেন্দ্রের ট্রেড ভিত্তিক ল্যাবের ও যন্ত্রপাতির সুযোগ-সুবিধা নিম্নোক্ত ছক-১ এবং ব্যবহারিক পরীক্ষার ট্রেড ও গ্রুপ ভিত্তিক সময়সূচি নিম্নোক্ত ছক-২ মোতাবেক উল্লেখ করতে হবে;

ছক-১

| **ক্র.** | **ট্রেডের নাম ও কোড** | **চালু কম্পিউটার সংখ্যা/ সংশ্লিষ্ট ট্রেডের টুলস্-ইকুইপমেন্টস সংখ্যা/সেট** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | | |
| ২. | | |

ছক-২

| **ক্র.** | **পরীক্ষার তারিখ ও সময়** | **ট্রেডের নাম ও কোড** | **গ্রুপ নং** | **শিক্ষার্থীর সংখ্যা ও রেজিঃ নম্বর** |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | | | | |
| ২. | | | | |

১৩. পরীক্ষা বিষয়ে করণীয়:

১৩.১ পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস নিশ্চিত করতে হবে;

১৩.২ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীকে কেন্দ্রের পরীক্ষা কক্ষে উপস্থিত থাকতে হবে;

১৩.৩ বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত পরীক্ষার দিন কেন্দ্রে প্রশ্নপত্র পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অন লাইন (bteb.online) -এ প্রেরণ করা হবে;

১৩.৪ অন লাইন (Online) -এর মাধ্যমে সংশ্লিষ্ট কেন্দ্র প্রশ্ন প্রাপ্তির তথ্যের হেল্প মোবাইল নং ০১৭১৯৯৬০২৫৬, ০১৭১৮৩২৫০৯৭।

১৪. উত্তরপত্রের লিথো (Litho) পরীক্ষার্থীর অংশের (Top part) বৃত্ত ভরাট তথ্যাবলী:

১৪.১ পরীক্ষার পর্ব/বর্ষ লিখার প্রয়োজন নাই;

১৪.২ কারিকুলাম কোড: ৩০ (ত্রিশ) সকল ট্রেডের জন্য দিতে হবে;

১৪.৩ ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজি: ঘর ফাঁকা থাকবে;

১৪.৪ পরীক্ষার্থীর রোল লিখার প্রয়োজন নেই (রোলের ঘর ফাঁকা থাকবে);

১৪.৫ রেজিস্ট্রেশন নম্বর: ১০ ঘর (অংক) বিশিষ্ট রেজিস্ট্রেশন নম্বর থাকবে;

১৪.৬ সেশন কোড: সেশনের ঘরে, সেশন অনুযায়ী সেশন কোড ০০৩১/ ০০৩২/ ০০৩৩/ ০০৩৪/ ০০২১/ ০০২২ বসবে। নিম্নের ছকে বর্ণিত:

| **সেশন** | **সেশন কোড** | **সেশন** | **সেশন কোড** | **সেশন** | **সেশন কোড** |
|---|---|---|---|---|---|
| **জানুয়ারি-মার্চ** | ০০৩১ | এপ্রিল-জুন | ০০৩২ | জুলাই-সেপ্টম্বর | ০০৩৩ |
| অক্টোবর-ডিসেম্বর | ০০৩৪ | জানুয়ারি-জুন | ০০২১ | জুলাই-ডিসেম্বর | ০০২২ |

১৪.৭ বিষয় কোড: পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব ট্রেড কোড হবে;

১৪.৮ রেজিস্ট্রেশন নম্বর ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে;

১৪.৯ অনুরূপভাবে বিষয় কোড ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে;

১৪.১০ এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের মাধ্যমে পরীক্ষা শুরুর পূর্বেই শ্রেণি শিক্ষক দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা নিবেন;

১৪.১১ পুরাতন লিথোযুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না। উহা বোর্ডে ফেরৎ দিতে হবে।

(মো. কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
ফোন: ০২-৫৫০০৬৫২৫।
তারিখ: ২৮-০২-২০২৩ খ্রি.

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.১৭.২৪৯ (২৬)

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৫. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা। আপনার অধিনস্থ যে সকল জেলা/উপজেলায় ০৩ (তিন) মাস মেয়াদি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হবে সে সকল কেন্দ্রের উত্তরপত্রের পার্শেল গ্রহনের জন্য ০৭ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখ শুক্রবার বেলা ১১:৩০ ঘটিকা হতে ০৩:০০ ঘটিকা পর্যন্ত স্থানীয় ডাকঘর খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৭. পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৮. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
৯. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। ০৭-০৮ এপ্রিল, ২০২৩খ্রি. তারিখে অ্যাসেসমেন্ট কার্যক্রম না রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৩. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা/ রাজশাহী/ চট্টগ্রাম/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ঢাকা/ ময়মনসিংহ।
১৪. উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
১৫. উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।
১৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। পরীক্ষার নির্ধারিত তারিখের পূর্বে ০৩ (মাস) মেয়াদি জানুয়ারি-মার্চ, ২০২৩ সেশনের রেজিস্ট্রেশন কার্ড সরবরাহের জন্য অনুরোধসহ।
১৮. পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব (অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ /টেকনিক্যাল ট্রেনিং সেন্টার/টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট/সমাজ সেবা/ট্রাস্ট টেকনিকেল ট্রেনিং সেন্টার/ আনসার ভিডিপি ট্রেনিং সেন্টার/ অন্যান্য প্রতিষ্ঠান। বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ/সিডিউল মোতাবেক পরীক্ষার উত্তরপত্র/প্রয়োজনীয় কাগজপত্র/মালামাল গ্রহণ এবং ০৭ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখ শুক্রবার বেলা ১১:৩০ ঘটিকা হতে ০৩:০০ ঘটিকার মধ্যে স্থানীয় ডাকঘরে একটি প্যাকেট (সকল লিথুর বক্স ও উত্তরপত্র) -এ করে হলুদ কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে বোর্ডের উল্লিখিত ঠিকানায় প্রেরণ করতে হবে।
১৯. কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২০. প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২২. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৩. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। উল্লিখিত তারিখ/সিডিউল মোতাবেক পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় মালামাল সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২৪. অধ্যক্ষ/পরিচালক, জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালিত সকল প্রতিষ্ঠান। বিজ্ঞপ্তিতে প্রদত্ত তারিখে শিক্ষার্থীদের প্রাপ্ত TC (তাত্ত্বিক ধারাবাহিক) ও PC (ব্যবহারিক ধারাবাহিক) নম্বর Online-এ এন্ট্রিপূর্বক প্রিন্টকৃত হার্ডকপি ০৫ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব -এর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
২৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৬. নথি।

২৮.০২.২০২৩

**(মো. নওশাদ আলী)**
ডকুমেন্টেশন অফিসার
শর্ট কোর্স শাখা, পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।